BSAA Circular No. 36 /2023 Dt : 19-03-2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
নৌ-পরিবহন অধিদপ্তর
শিপিং শাখা
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.dos.gov.bd

CHAIRMAN..........................

SR. VICE-CHAIRMAN..........................

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০১২.৯৯.০০৩.২৪.১৩৩

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

বিষয়: বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা ) আইন ২০১৯ বাস্তবায়ন এবং তদাধীনে প্রণীত বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) বিধিমালা ২০২৩ প্রতিপালন যথাযথভাবে নিশ্চিত করণ, ওয়েভার সনদ প্রদান সহজীকরণ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে গত ০১-০৩-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য-বিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কমডোর মো: নিজামুল হক, (ট্যাজ),এনজিপি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ০১-০৩-২০২৩ ইং |
| উপস্থিতির তালিকা | : | উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |

নৌপরিবহন অধিদপ্তর এর মহা-পরিচালক সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম বর্ণনা করেন এবং উপস্থিত সকলের পরিচয় গ্রহণ করেন । তিনি বলেন, বাংলাদেশী পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা ) আইন, ২০১৯ বাস্তবায়ন এবং তদাধীনে প্রণীত বিধিমালা ২০২৩ প্রতিপালন যথাযথভাবে নিশ্চিত করার জন্য আজকের এ সভা আহবান করা হয়েছে । তিনি বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা ) আইন, ২০১৯ এর প্রেক্ষাপট বর্ণনা করতে গিয়ে বলেন, দেশীয় জাহাজকে সুবিধা প্রদানের জন্য এই আইন ও বিধিমালা প্রণয়ন করা হয়েছে । তবে এই আইন বাস্তবায়ন করতে গিয়ে দেশীয় বাণিজ্য বা ease of doing business এ প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না ।

এ পর্যায়ে বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন এর প্রতিনিধি জনাব সৈয়দ মো: আরিফ, জনাব মুনতাসির রুবায়েত এবং বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন এর প্রতিনিধি জনাব এনামুল হক



BSAA 123
Received
Dated.........
12-03-23
Signature

ও জনাব সাহেদ সারোয়ার আলোচনায় অংশ গ্রহণ করে ওয়েভার সনদ প্রাপ্তিতে বিভিন্ন প্রতিবন্ধকতার কথা উল্লেখ করেন। তারা বলেন, জাহাজ লোডিং এর ১৫ দিন পূর্বে ওয়েভার সনদের জন্য আবেদন করা আবশ্যক । কিন্তু বাস্তব প্রেক্ষাপটে তা প্রায় ক্ষেত্রে সম্ভবপর হয় না । আবার নির্দিষ্ট জাহাজের জন্য ওয়েভার আবেদন করা হলেও পরবর্তীতে তা পরিবর্তন করার প্রয়োজন হলেও নৌবাণিজ্য দপ্তর এর ওয়েভ পোর্টালে তা পরিবর্তন করার সুযোগ থাকে না । ফলে তারা ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। তারা আরও বলেন যে, মেইন লাইন অপারেটরদের ( এম এল ও ) সাথে ফিডার অপারেটরদের সারা বছরব্যাপী নির্দিষ্ট পরিমান কন্টেইনার পরিবহনের চুক্তি থাকে । ওয়েভার না পাওয়ার কারণে যদি ফিডার অপারেটরদের জাহাজে সে কন্টেইনার পরিবহন করতে না পারে তবে তাদের আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয় । তারা বিভিন্ন পরিসংখ্যানের মাধ্যমে উল্লেখ করেন যে, ট্যাক্স ও ভ্যাটের মাধ্যমে এবং বিশেষ করে RMG পণ্য পরিবহনের মাধ্যমে দেশের অর্থনীতিতে তারা ব্যাপক ভূমিকা রেখে থাকে ।

এইচ. আর. শিপিং লাইনসের প্রতিনিধি জনাব আনিস উদ দৌলা ফ্লাগ প্রটেকশন আইন ২০১৯ এর বিভিন্ন বাধ্যবাধকতা উল্লেখ করে বলেন, নির্দিষ্ট তারিখে বাংলাদেশী জাহাজ বন্দরে থাকলে ফিডার অপারেটরগণ একক বা সম্মিলিতভাবে দেশীয় জাহাজের প্রয়োজন অনুসারে কন্টেইনার প্রদান করলে ওয়েভারে অনাপত্তি দিতে তাদের বাধা নেই ।

সভায় বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা ) আইন, ২০১৯ ও প্রণীত বিধির উপর বিস্তারিত আলোচনা শেষে পণ্যের দ্রুত পরিবহন, পরিবহন ব্যয় নিয়ন্ত্রণে রেখে বাংলাদেশী পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা ) আইনের যথপোযুক্ত প্রয়োগ নিশ্চিত কল্পে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্নির্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

১। দেশীয় পণ্যের নূন্যতম ৫০% বাংলাদেশ পতাকাবাহী জাহাজ কর্তৃক পরিবহন করা হবে ;

২। পণ্য পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিপিং এজেন্টসমূহ নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অনূন্য ১৫ দিন পূর্বে পণ্য বোঝাইয়ের জন্য waiver সনদের আবেদন করবেন ;

৩। শিপিং এজেন্টর আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত কর্তৃপক্ষ বাংলাদেশ ওশেন গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন ও বাংলাদেশ শিপিং কর্পোরেশন বরাবর বাংলাদেশী পতাকাবাহী জাহাজের প্রাপ্যতা নিশ্চিত করণের জন্য অনুরোধ করবেন। নির্ধারিত কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে তাদের মতামত প্রদান করবেন । নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশী পতাকাবাহী জাহাজের প্রাপ্যতার নিশ্চয়তা প্রদানে ব্যর্থ হলে নির্ধারিত কর্তৃপক্ষ বাংলাদেশী পতাকাবাহী জাহাজ নেই মর্মে waiver সনদ জারী করবেন ।

৪। পূর্ব ঘোষণা অনুযায়ী নির্দিষ্ট বন্দরে ও তারিখে বাংলাদেশী পতাকাবাহী জাহাজের উপস্থিতি নিশ্চিত করতে ব্যর্থ হলে অথবা নির্দিষ্ট বন্দরে ও তারিখের মধ্যে পণ্য বোঝাই করতে

ব্যর্থ হলে দায়ী পক্ষ ক্ষতিগ্রস্ত পক্ষকে বিধি মোতাবেক ক্ষতিপূরণে বাধ্য থাকবেন ;

৫। বাংলাদেশী পতাকাবাহী জাহাজ বন্দরে আগমনের ২৪ ঘন্টার মধ্যে অথবা সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রয়োজনীয় বিধি-বিধান অনুযায়ী পণ্য বোঝাইয়ের কার্যক্রম শুরু করতে হবে । উল্লেখ্য, বাংলাদেশী পতাকাবাহী জাহাজ তার ধারণ ক্ষমতা বা অবশিষ্ট ধারণ ক্ষমতা অনুযায়ী পণ্য বোঝাইয়ের অগ্রাধিকার পাবে ।

৬। পণ্য পরিবহনের ব্যয় নির্ধারণের ক্ষেত্রে পরিসেবার মান অনুযায়ী প্রতিযোগিতামূলক পরিবহন খরচ নির্ধারণ করা হবে ।

৭। নৌ বাণিজ্য দপ্তর হতে ওয়েভার সংক্রান্ত অনিষ্পন্ন আবেদনসমূহের অনুকূলে ওয়েভার সনদ জারী করা হবে ।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

৯-৩-২০২৩
কমডোর মোঃ নিজামুল হক, (ট্যাজ), ওএসপি,
এনজিপি, পিএসসি, বিএন
মহাপরিচালক
ফোন: ৯৫১৩৩০৫
ফ্যাক্স: ৯৫৮৭৩০১
ইমেইল: info@dos.gov.bd

বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব), চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
২) প্রিন্সিপ্যাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম ।
৩) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
৪) রিয়াল এডমিরাল(অব:) এ এস এম আবদুল বাতেন , সেক্রেটারী, বাংলাদেশ ওশেনগোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, বাড়ী নং- ১১/বি , রোড-৩০, ব্লক- CWS(A), গুলশান-১, ঢাকা।
৫) সৈয়দ মোহাম্মদ আরিফ, চেয়ারম্যান, , বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার, ৭৮, আগ্রাবাদ, চট্টগ্রাম ।
৬) ক্যাপ্টেন মো: দিদারুল আলম,, জেনারেল ম্যানেজার, এস আর শিপিং লি :, কবির মঞ্জিল, আগ্রাবাদ, চট্টগ্রাম ।
৭) জনাব আনিস উদ দৌলা,, সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর, এইচ. আর লাইন্স লি:, এইচ আর ভবন, কাকরাইল, ঢাকা ।

৮) জনাব সামছুদ্দিন আহমেদ চৌধুরী, (ডাইরেক্টর), ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টর, ৭৮, আগ্রাবাদ, চট্রগ্রাম,

৯) জনাব মুনতাসির রুবায়েত , ডাইরেক্টর, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টর, ৭৮, আগ্রাবাদ, চট্রগ্রাম

১০) জনাব সৈয়দ মো: আরিফ, , চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টর, ৭৮, আগ্রাবাদ, চট্রগ্রাম।

১১) জনাব এনামুল হক, হেড অফ অপারেশন , বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, cospace level-8, AR Tower, 24, Kamal Attaturk, Banani C/A, Dhaka.

১২) জনাব সাহেদ সারোয়ার, ডাইরেক্টর, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, cospace level-8, AR Tower, 24, Kamal Attaturk, Banani C/A, Dhaka.

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০১২.৯৯.০০৩.২৪.১৩৩/১(২)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়

৯-৩-২০২৩
মোঃ গিয়াসউদ্দীন আহমেদ
চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব)